# বর্তমান কার্যক্রম

প্রযুক্তিকে কাজে লাগিয়ে মানুষের জীবনমান উন্নত করাই ‘ডিজিটাল বাংলাদেশ’ ভিশনের মূল লক্ষ্য। এ লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড আইসিটি খাতে বিভিন্ন যুগোপযোগী পদক্ষেপ বাস্তবায়ন করেছে।

১। প্রি-পেইড / স্মার্ট মিটার স্থাপনঃ ইতোমধ্যে প্রায় ১৩ লক্ষ প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে এবং পর্যায়ক্রমে সকল গ্রাহকদের জন্য প্রি-পেইড মিটার স্থাপন প্রক্রিয়া চলমান আছে।

২। অনলাইনে প্রি-পেইড টোকেন ক্রয় (প্রি-পেইড)ঃ পল্লী বিদ্যুৎ গ্রাহকদের প্রি-পেইড মিটারের ভেন্ডিং কিংবা পোষ্ট পেইড মিটারের বিল প্রদানের জন্য এখন আর পল্লী বিদ্যুৎ অফিস প্রাঙ্গনে/ব্যাংকের বুথে গিয়ে লাইনে দাঁড়াতে হয় না। রবি, গ্রামীনফোন, রকেট ইত্যাদির মোবাইল ওয়ালেট ব্যবহার করে গ্রাহক নিজের ফোন থেকে ভেন্ডিং/বিল প্রদান করার ফলে একদিকে যেমন সমিতির ভেন্ডিং ষ্টেশনে কার্যক্রম হ্রাস পেয়েছে অন্যদিকে গ্রাহক অসন্তোষ নেই বললেই চলে।

৩। অনলাইনে বিদ্যুৎ বিল প্রদান (পোস্টপেইড)ঃ পোস্টপেইড গ্রাহকদের অনলাইন/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিদ্যুৎ বিল আদায়ের সিস্টেম (Centralized Billing Data Gateway- CBDG) বাস্তবায়ন করা হয়েছে।

৪। অনলাইনে বিদ্যুৎ সংযোগ প্রদান প্রক্রিয়াকরণঃ সনাতন বিদ্যুৎ সংযোগ পদ্ধতিতে বিদ্যমান সমস্যাসমূহকে হ্রাস করে গ্রাহক হয়রানি বন্ধকরণ, মধ্যসত্বভোগীদের দৌরাত্ব দূরীকরণ এবং সময় ও অর্থের সাশ্রয় করে সন্তোষজনক গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে আরইবি’র আইসিটি পরিদপ্তর “পল্লী বিদ্যুৎ অনলাইন সংযোগ সিস্টেম” এর প্রবর্তন করেছে। সারাদেশের ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতিতে সিস্টেমটি চলমান আছে।

৫। এসএমএস এর মাধ্যমে বিলের তথ্য প্রদানঃ ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির বিদ্যুৎ বিল বিলিং সফটওয়্যারের মাধ্যমে পরিচালনা করা হয় এবং বিদ্যুৎ বিলের তথ্য সকল গ্রাহকদের এসএমএস এর মাধ্যমে জানানো হয়।

৬। কেন্দ্রীয় বিলিং সিস্টেম বাস্তবায়ন (ICBS): বর্তমানে অফিস ভিত্তিক সফটওয়ারের মাধ্যমে বিল প্রস্তুত, প্রদান ও হিসাবাদি সংরক্ষণ করা হয়। ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির জন্য একটি ইউনিফাইড ইন্টিগ্রেটেড সেন্ট্রালাইজড বিলিং সিস্টেম বাস্তবায়ন চলমান রয়েছে।

৭। Enterprise Resource Planning (ERP) প্রবর্তন: বাপবিবোতে ইতোমধ্যে ERP এর চারটি মডিউল (HR & Payroll, Fixed Asset, Procurement and Finance) শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। ক্রমান্বয়ে ৮০ টি পবিসে ERP বাস্তবায়ন করা হবে।

৮। মোবাইল এ্যাপঃ “পল্লীবিদ্যুৎ সেবা”গ্রাহক সেবার মান উন্নয়নে পল্লীবিদ্যুৎ এর বিদ্যুৎ বিল, বিদ্যুৎ ব্যবহার ও অভিযোগ এখন হাতের মুঠোয়। অনলাইনের (মোবাইল এ্যাপ) মাধ্যমে গ্রাহক পরিসেবায় নতুন মাত্রা যোগ হচ্ছে।

৯। ইনফরমেশন কালেকশন সিস্টেমঃ ইনফরমেশন কালেকশন সিস্টেম বাস্তবায়নের ফলে সকল পবিস থেকে বাপবিবোর বিভিন্ন দপ্তর/পরিদপ্তর কর্তৃক চাহিত তথ্য সরবরাহের বিষয়টি সম্পূর্ন ডিজিটালাইজড করা হয়েছে। এই সিস্টেমের মাধ্যমে পবিসসমূহ ওয়েব এপ্লিকেশনের মাধ্যমে তথ্য সরবরাহ করতে পারে।

১০। ডিজিটাল বিল পেমেন্ট সার্টিফিকেটঃ ডিজিটাল বিল পেমেন্ট সার্টিফিকেট চালুর ফলে ওয়েব এপ্লিকেশনের মাধ্যমে পবিস কর্তৃপক্ষ গ্রাহকদের বিল পেমেন্ট সার্টিফিকেট প্রদান করতে পারবেন অথবা গ্রাহক নিজেই এসএমএস একাউন্ট নাম্বার ব্যবহার করে বিল পেমেন্ট সার্টিফিকেট ডাউনলোড করতে পারবেন। এর ফলে বিল পেমেন্ট সার্টিফিকেট প্রাপ্তির ক্ষেত্রে গ্রাহকদের কোনো বিড়ম্বনায় পড়তে হবে না।

১১। ডিজিটাল ফোনবুকঃ বাস্তবায়িত অ্যাপটির সাহায্যে অতি সহজে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির সকল কর্মকর্তা/কর্মচারীর মোবাইল নম্বর ও ই-মেইল অ্যাড্রেস খুঁজে বের করা যাবে। এছাড়াও “ডিজিটাল ফোনবুক” ব্যবহারের ফলে হার্ডকপি প্রিন্ট না করায় প্রিন্টিং ব্যয় কমানো সম্ভব হবে এবং সহজেই কর্মকর্তা/কর্মচারীগণের তথ্য নিয়মিত হালনাগাদ করা যাবে।

১২। সেবা সম্পর্কিত নাগরিক মতামত সিস্টেমঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের সেবা সম্পর্কে নাগরিকদের মতামত গ্রহণ করার জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড অনলাইনে নাগরিকদের মতামত প্রদানের জন্য ওয়েব বেইসড সফটওয়্যার প্রনয়ন করেছে । গ্রাহক যে কোন কারনে পল্লী বিদ্যুৎ সমিতিতে গেলে এই সিস্টেমে একটি ভোট দিয়ে উক্ত সমিতির সেবা সম্পর্কিত তার মতামত ব্যক্ত করতে পারেন।

১৩। ইন্টিগ্রেটেড ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট সিস্টেম (IFMIS): বাপবিবো ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট এর জন্য ইন্টিগ্রেটেড ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট সিস্টেম (IFMIS) সফটওয়্যার উন্নয়ন করেছে। IFMIS Software এর অধীনে ৪ টি মডিউল (Inventory Management, Inventory Management for 80s PBS, General Ledger, Payroll &Benefit) এর কাজ চলমান রয়েছে।

১৪। ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সভা অনুষ্ঠানঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক সকল (৮০ টি) সমিতির সাথে একযোগে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সমন্বয় সভা, গ্রাহকদের সাথে উঠান বৈঠক, মত বিনিময় সভা, অনলাইন ভিত্তিক ট্রেনিং প্রদান করা হয়।

১৫। ট্রান্সফর্মার মেইনটেনেন্স এন্ড লোড ম্যানেজম্যান্ট (TMLM) সফটওয়্যারঃ বাপবিবো আইসিটি পরিদপ্তর কর্তৃক বিতরণ ট্রান্সফরমারের লোড স্বয়ংক্রিয়ভাবে সনাক্তকরণের মাধ্যমে প্রয়োজনীয় Maintenance এবং Load Management সম্পন্ন করার জন্য ট্রান্সফর্মার মেইনটেনেন্স এন্ড লোড ম্যানেজম্যান্ট (TMLM) সফটওয়্যার বাস্তবায়ন করা হয়েছে।

১৬। অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা সিস্টেমঃ বাপবিবো ও পবিসসমূহে অনলাইনের মাধ্যমে নাগরিক অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি করা হয় (http://complain.mpemr.gov.bd/)। বর্তমানে বাপবিবো ও ৮০ টি পবিসে হটলাইন নাম্বর চালু রয়েছে। হটলাইন নাম্বরসমূহ বাপবিবো/পবিসসমূহের ওয়েবসাইটে প্রকাশ করা আছে।

১৭। ওয়েবসাইট/ফেইজবুক পেইজঃ বাপবিবো ও ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট/ফেইজবুক পেইজ চালু রয়েছে যার মাধ্যমে জনসন্মুখে প্রকাশযোগ্য সকল তথ্য এবং বিভিন্ন সেবামূলক কার্যক্রম যেমন আলোর ফেরিওয়ালা, উঠোন বৈঠক, দূর্যোগে আলোর গেরিলা, শতভাগ বিদ্যুতায়ন ইত্যাদি কার্যক্রমের প্রচারনা চালানো হয়। সমিতিসমূহের ফেজবুক পেইজ থেকে ফেসবুক লাইভে উঠোন বৈঠক বা গনশুনানী প্রচার করা হয়।

১৮। ই-নথি বাস্তবায়নঃ বাপবিবোতে সকল দাপ্তরিক কাজ ই-নথি এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে যার ফলে দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নসহ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যাচ্ছে। বাপোবিবোর সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প/সকল SE/Xen অফিসসমূহ এবং ৮০টি পবিসে ই-ফাইলিং বাস্তবায়ন করা হয়েছে।

১৯। MIS সফটওয়্যারঃ ৮০টি সমিতির ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য MIS সফটওয়্যারের মাধ্যমে প্রক্রিয়াকরণ করে প্রতিবেদন প্রণয়ন করা হয় এবং প্রতি মাসে বাপবিবোর ওয়েবসাইটে (www.reb.gov.bd) এ MIS প্রকাশ করা হয়।

২০। ষ্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যারঃ ষ্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার দ্বারা বাপবিবোর ৩ টি ওয়্যারহাউজ ও ৮০ টি সমিতির ওয়্যারহাউজের ম্যাটেরিয়াল / হার্ডওয়্যার আইটেমসমূহের Issue/ Return সহ যাবতীয় কাজ করা হয়। এর ফলে সরকারি সম্পদের অপচয় রোধ হচ্ছে এবং দক্ষ ব্যবস্থাপনার ফলে মালামাল ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদীহিতা নিশ্চিত হচ্ছে।

২১। হার্ডওয়্যার ম্যানেজমেন্ট সিস্টেমঃ বাপবিবো/পবিস এর কম্পিউটার হার্ডওয়্যারসমূহ সুষ্ঠ ব্যবস্থাপনার স্বার্থে হার্ডওয়্যার ম্যানেজমেন্ট সিস্টেম উন্নয়ন করা হয়েছে যার বাস্তবায়ন চলমান রয়েছে।

২২। লাইব্রেরী ম্যানেজমেন্ট সিস্টেমঃ বাপবিবো প্রধান কার্যালয় একটি লাইব্রেরী রয়েছে। যার কার্যক্রম লাইব্রেরী ম্যানেজমেন্ট সিস্টেম এর মাধ্যমে পরিচালিত হয়।

২৩। লোড শেডিং ইনফরমেশান সিস্টেমঃ ৮০টি সমিতি এর লোড শেডিং এর তথ্য অন-লাইনে গ্রহন করে প্রতিদিন প্রতিবেদন প্রণয়ন করা হয়।

ডিজিটালাইজেশনের মাধ্যমে গ্রাহকগণের  সকল সুবিধাসমূহ নিশ্চিত করণে বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ডের আইসিটি পরিদপ্তর বদ্ধ পরিকর এবং সে লক্ষ্য তারা নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

# আইসিটি বিষয়ক ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

**১। স্ক্যাডা সিস্টেম প্রবর্তন করা।**

**২। ডিস্ট্রিবিউশন সিস্টেম অটোমেশন এবং জিআইএস ম্যাপিং করা।**

**৩। স্মার্ট গ্রিড বাস্তবায়ন করা।**

**৪। ব্লকচেইন টেকনোলজি ব্যবহার করে নিরাপদ অনলাইন পেমেন্ট সিস্টেম বাস্তবায়ন করা।**

**৫। কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক গ্রাহক মনিটরিং সিস্টেম বাস্তবায়ন করা।**

**৬। কেন্দ্রীভূত বিলিং সিস্টেম বাস্তবায়ন করা।**

**৭। ডাটা সেন্টার স্থাপন করা ও ডাটার নিরাপত্তা নিশ্চায়ন করা।**

**৮। স্মার্ট মিটারিং সিস্টেম বাস্তবায়ন করা।**

**৯। ৮০টি পবিসের জন্য জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম বাস্তবায়ন করা।**

**১০। অফিস অটোমেশন সিস্টেম বাস্তবায়ন করা।**

**১১। সকল ক্ষেত্রে সাইবার সিকিউরিটি নিশ্চায়নে সাইবার ল্যাব ও টিম বাস্তবায়ন করা।**

**১২। প্রযুক্তিতে দক্ষ জনবল গড়ে তোলা।**